শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮২.১৯-৪৭৬

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪১২৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪১২৪/০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪১২৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৪১২৪/২০১৯ | জনাব মো: মনিরুল ইসলাম, সহকারী শিক্ষক (কম্পিউটার), প্রতাব দাখিল মাদ্রাসা, উপজেলা-উল্লাপাড়া, জেলা সিরাজগঞ্জ। | সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | বে-সরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে (দাখিল ও আলিম স্তর) নিয়োগপ্রাপ্ত ও কর্মরত ১৩/১১/২০১১ তারিখের পূর্বে ও পরে এমপিও বিহীন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার)/বিজ্ঞান এবং প্রভাষক (আলিম স্তর বিজ্ঞান/কম্পিউটার) শিক্ষকদের এমপিওভুক্তকরণের জন্য টিএমইডি কর্তৃক শিক্ষকবৃন্দের তালিকা প্রস্তুত করা হয়। উক্ত তালিকা অনুযায়ী এমপিওভুক্তির জন্য টিএমইডি কর্তৃক সম্মতি জ্ঞাপন করে ১৫/১১/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭ (অংশ-৩)-৪১২ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।<br>উক্ত পত্রের আলোকে কার্যক্রম গ্রহণের জন্য ডিজি, মাউশিঅ-কে অনুরোধ জানিয়ে ডিএমই হতে ১৯/১১/২০১৮ তারিখে ৩৬১ সংখ্যক স্মারকে পৃষ্ঠাংকন করা হয়। টিএমইডি কর্তৃক প্রস্তুকৃত শিক্ষকবৃন্দের তালিকার আলোকে উক্ত তালিকার ১৫৯ নং ক্রমিকে বর্ণিত শিক্ষকের এমপিওভুক্তির জন্য Online Application করা হয়। টিএমইডি কর্তৃক প্রস্তুকৃত তালিকায় এনটিআরসিএ কর্তৃক নিবন্ধন প্রযোজ্য নহে মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু উক্ত আবেদন টি এনটিআরসিএ-এর নিবন্ধন না থাকায় মাউশিঅ কর্তৃক Rejected মর্মে ঘোষণা করা হয়।<br>ফলে উক্ত Rejected আদেশ এর বিরুদ্ধে এবং পিটিশনার এর এমপিও তালিকাভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: মনিরুল ইসলাম কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪১২৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২০/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারকে বে- সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা অনুযায়ী এমপিওভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১৭/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এখানে উল্লেখ্য যে, বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এমপিও'র বিষয়ে ডিএমই জড়িত বিধায় এ সংক্রান্তে ডিএমই হতে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪১২৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে হালনাগাদ তথ্য টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx